দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 17 MAR 2017 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৪ ...

# গার্হস্থ্যর ছাত্রীদের আন্দোলনের প্রতিবাদে ঢাবি শিক্ষার্থীদের মানববন্ধন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** গার্হস্থ্য অর্থনীতি কলেজের শিক্ষার্থীদের আন্দোলনের বিরুদ্ধে রাস্তায় নেমে প্রতিবাদ জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের নীলক্ষেত মোড় ও ভিসি চত্বর এলাকায় অবস্থান নিয়ে মানববন্ধন করেন শত শত ঢাবি শিক্ষার্থী। একই সঙ্গে ব্যবসায় ক্ষতি হওয়ার কথা বলে গার্হস্থ্য অর্থনীতির ছাত্রীদের আন্দোলনের বিরুদ্ধে মিছিল নিয়ে সমাবেশস্থলের কাছে যাওয়ার চেষ্টা করে হকারদের একটি দল। পরে পুলিশের বাধায় তারা সেখান থেকে সরে যায়।

ঢাবির ইনস্টিটিউট করার দাবিতে গার্হস্থ্য অর্থনীতি কলেজের শিক্ষার্থীরা বৃহস্পতিবারও বেলা সাড়ে এগারোটা থেকে তিনটা পর্যন্ত নিউ মার্কেট মোড় অবরোধ করে মহাসমাবেশ করে। এই ত্রিমুখী আন্দোলনে নিউমার্কেট ও নীলক্ষেত মোড় হয়ে প্রেসক্লাব, শাহবাগ, সায়েন্স ল্যাবরেটরি, ধানমন্ডি এলাকায় যান চলাচল বন্ধ হয়ে গেলে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। উত্তেজনার মধ্যে পুরো এলাকায় অবস্থান নেয় বিপুলসংখ্যক পুলিশ। তবে এর মধ্যেও কর্মসূচী চালিয়ে যান গার্হস্থ্য অর্থনীতির শিক্ষার্থীরা।